

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.৪২.৪৮০০.০০০.৯৯.০১৩.১৫. ২৫৬

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার জিয়াউদ্দিন স্কুল ও কলেজের অডিটরিয়াম কাম একাডেমিক ভবন নির্মাণ কাজের ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন।

- সূত্র: ১) কিশোরগঞ্জ জেলা পরিষদের স্মারক নং- ৪৬.৪২.৪৮৪৯.০০২.১৪.১৩৪.১৬.৯৯, তারিখ: ৬/৩/২০১৭।
২) এলজিইডি'র স্মারক নং-এলজিইডি/সিই/ডিংইউ/ডি-২২২/২০১২/৫৮২, তারিখ: ১৪/৫/২০১৭।


কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার জিয়াউদ্দিন স্কুল ও কলেজের অডিটরিয়াম কাম-একাডেমিক ভবন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে এলজিইডি কর্তৃক পরীক্ষিত ৯০,২৭,৭২৭/- (নব্বই লক্ষ সাতাশ হাজার সাতশত সাতাশ) টাকার প্রাক্কলনটি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

প্রকল্পের নাম	জেলা পরিষদ কর্তৃক প্রস্ততকৃত প্রাক্কলন	এলজিইডি কর্তৃক সংশোধিত প্রাক্কলন
কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার জিয়াউদ্দিন স্কুল ও কলেজের অডিটরিয়াম কাম-একাডেমিক ভবন নির্মাণ	১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা	৯০,২৭,৭২৭/- (নব্বই লক্ষ সাতাশ হাজার সাতশত সাতাশ) টাকা

শর্তসমূহ:

- ১) বর্ণিত প্রকল্পের প্রাক্কলন পরবর্তীতে সংশোধন করা যাবে না ;
- ২) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করে মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে ;
- ৩) দরপত্র আহবানের পর হতে ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের জন্য নির্ধারিত সময় ব্যতীত অন্য কোন কারণে প্রকল্প বাস্তবায়নের কাজে বিলম্ব করা যাবে না;
- ৪) এই প্রকল্পের অনুকূলে ভবিষ্যতে আর কোন অর্থ বরাদ্দ দেয়া হবে না;
- ৫) প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।


২৬/৭/১৭
(জুবাইদানাসরীন)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কিশোরগঞ্জ।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।